

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 08-10-2023  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Sikkim flood :**

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী, অজয় কুমার মিশ্র গতকাল গ্যাংটকের তাশিলিং সচিবালয়ে সিকিমের মুখ্য সচিব, বিভিন্ন দপ্তর, সেনাবাহিনী, আইটিবিপি, বিআরও, NHIDCL এবং NHPC র সঙ্গে বৈঠক করেন। শ্রী মিশ্র বলেন যে কেন্দ্রীয় সরকার সিকিমের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং রাজ্যকে প্রয়োজনীয় সবধরনের সহায়তা করা হচ্ছে।

তিনি জানান যে কেন্দ্রীয় সরকার, কৃষি, সড়ক পরিবহন ও মহাসড়ক, জলশক্তি, জ্বালানি এবং অর্থ মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকদের নিয়ে একটি আন্তঃমন্ত্রক কমিটি গঠন করেছে। সিকিমের পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে, ক্ষয়ক্ষতি নিরূপণ এবং সহায়তার ব্যবস্থা করতে আজ থেকে কমিটি সিকিম সফর করবে।

এছাড়া উত্তর সিকিমের লাচুং এবং লাচেন উপত্যকায় প্রায় ১৫০০ পর্যটক আটকে পড়েছেন বলে ধারণা করা হচ্ছে। ভারতীয় সেনাবাহিনী স্থানীয় প্রশাসনের সাথে স্যাটেলাইট টার্মিনালের মাধ্যমে খাবার, চিকিৎসা, সহায়তা এবং টেলিফোন সংযোগ প্রদান করে তাদের সহায়তা করছে।

\*\*\*\*\*

**CM :**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে অব্যবহার্য সম্পদের রক্ষণাবেক্ষণ ও নিষ্পত্তির লক্ষ্যে রাজ্যে শীঘ্রই 'রেকর্ড রিটেনশন অ্যান্ড ডিসপোজাল পলিসি' চালু হতে যাচ্ছে। এই পলিসির বিষয়বস্তু নিয়ে গতকাল সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। মুখ্যসচিব জে কে সিনহা এই পলিসির বিষয়বস্তু সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রধান সচিব ও সচিবগণ এই পলিসির বিষয়বস্তুর উপর মতামত ব্যক্ত করেন। এই মতামত ও পরামর্শের উপর ভিত্তি করেই পলিসির বিষয়বস্তু সংশোধন ও সংযোজন করে তা অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পাঠানো হবে।

\*\*\*\*\*

#### **GST Meeting :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সভাপতিত্বে গতকাল নতুনদিল্লিতে GST পরিষদের ৫২তম বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকের পরে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সাংবাদিকদের বলেন, বলেন, কাউন্সিল গুডের উপর জিএসটি ২৮ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার সিদ্ধান্ত নিয়েছে যা আখ চাষীদের উপকৃত করবে। অর্থমন্ত্রী আরও জানান যে প্যাকেট বা লেবেল ছাড়া ৭০ শতাংশ বাজরায়ুক্ত আটাতে জিএসটি লাগবে না। তবে, প্যাকেট এবং লেবেল যুক্ত বাজরার আটাতে ৫ শতাংশ জিএসটি যোগ হবে। জিএসটি অ্যাপিলেট ট্রাইব্যুনাল সংক্রান্ত সংশোধনী তিনি বলেন, সভাপতির সর্বোচ্চ বয়সের মেয়াদ ৭০ বছর পর্যন্ত থাকবে এবং সংসদ সদস্যদের সর্বোচ্চ বয়সসীমা ৬৭ বছর হবে।

GST কাউন্সিল জল সরবরাহ, জনস্বাস্থ্য, স্বাস্থ্যবিধিসংরক্ষণ, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, বস্তির উন্নতি এবং সরকারি কর্তৃপক্ষকে উন্নয়নমূলক কাজে সরবরাহ পরিষেবাগুলিকে জিএসটি ছাড় দেওয়ার সুপারিশ করেছে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বাধীনতা দিবসে লাল কেপ্পার ভাষণের ঘোষণাগুলি নিয়ে গতকাল দিল্লিতে একটি গুরুত্বপূর্ণ পর্যালোচনা বৈঠক করেন। তাঁর স্বাধীনতা দিবসের ভাষণে, দরিদ্র এবং মধ্যবিত্তদের আবাসনের জন্য সাশ্রয়ী মূল্যের ঋণ নিশ্চিত করার ঘোষণার বাস্তবায়নের প্রস্তুতিও প্রধানমন্ত্রী পর্যালোচনা করেন। প্রধানমন্ত্রী তার ভাষণে বাড়িঘরে সৌরবিদ্যুৎ নিশ্চিত করার কথাও উল্লেখ করেন। বৈঠকে তিনি এই প্রকল্প বাস্তবায়নের প্রস্তুতিও পর্যালোচনা করেন।

\*\*\*\*\*

**Asian Games India got 107 medals :**

চীনের-হাংঝাও-এ অনুষ্ঠিত এশিয়ান গেমসে ভারত পদক প্রাপ্তিতে নয়া ইতিহাস তৈরি করেছে। ভারত এশিয়ান গেমসের ইতিহাসে প্রথমবার ১০০ টিরও বেশি পদক লাভ করেছে। ভারত ২৮টি স্বর্ণ, ৩৮টি রৌপ্য এবং ৪১টি ব্রোঞ্জ সহ ১০৭টি পদক সংগ্রহ করেছে। অলিম্পিক, কমনওয়েলথ গেমস এবং এশিয়ান গেমস - এই তিনটি বড় গেমসের যে কোনোটিতে ভারত দ্বিতীয়বার ১০০ টিরও বেশি পদক জিতেছে।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন যে গেমসের 14তম দিনে গতকাল ভারতের অসাধারণ পারফরম্যান্স ছিল। গতকাল ভারত, 6টি স্বর্ণ, 4টি রৌপ্য এবং 2টি ব্রোঞ্জ পদক লাভ করে। প্রতিটিতেই ভারতীয় প্রতিযোগীরা অসাধারণ দক্ষতা দেখায়। আজ শেষ হবে ১৯ তম এশিয়ান গেমস।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এশিয়ান গেমসে ভারতীয়দের এই সাফল্যে ক্রীড়াবিদদের অভিনন্দন জানিয়েছেন।

এশিয়ান গেমসে ঐতিহাসিক কৃতিত্বের জন্য ভারতীয় ক্রীড়াবিদদের ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও। আগামী ১০ অক্টোবর ভারতীয় ক্রীড়াবিদরা দেশে ফিরে এলে প্রধানমন্ত্রী তাদের সঙ্গে আলাপচারিতায় মিলিত হবেন।

\*\*\*\*\*

#### **CM-Bar Association :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শক্তিশালী সমাজ গঠনে আইনজীবীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। 'এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা' গড়া আইনজীবীদের ছাড়া সম্ভব নয়। গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে ত্রিপুরার বিভিন্ন বার এসোসিয়েশনগুলির সভাপতি ও সম্পাদকদের সাথে এক মতবিনিময় সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন।

\*\*\*\*\*

#### **National Football :**

জাতীয় অনূর্ধ্ব-১৭ বছরের মেয়েদের ফুটবলে গ্রুপের দ্বিতীয় খেলায় বড় ব্যবধানে অন্ধ্রপ্রদেশের কাছে হেরে গেলো ত্রিপুরা।

রাজস্থানের উমেদ স্টেডিয়ামে অনুষ্ঠিত আসরে রাজ্যদল গতকাল ৮-০ গোলে পরাজিত হয়। প্রথমার্ধে রাজ্যদল ২-০ গোলে পিছিয়ে ছিলো। আজ ত্রিপুরা খেলবে পন্ডিচেরীর বিরুদ্ধে।

\*\*\*\*\*

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে। পশ্চিম জেলা, খোয়াই জেলা, উনকোটি জেলা ও উত্তর জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ ভারি বৃষ্টিপাতের সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ০.৪ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*